



বিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”



ইনোভেশন টিমের দ্বিতীয় সভার কার্যবিবরণী

তারিখ : ৩১/০৫/২০২১; বার : সোমবার; সময় : সকাল ১১:০০টা

অদ্য ৩১/০৫/২০২১, সোমবার, সকাল ১১:০০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিম এর সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি বাউবি এর সভাপতিত্বে ২য় সভা (ভার্চুয়াল) [ZOOM এর মাধ্যমে] অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

- ১। ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
- ২। প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
- ৩। প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
- ৪। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।
- ৫। নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
- ৬। জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
- ৭। নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।

সভাপতি মহোদয় সভার শুরুতে সকল সদস্যদেরকে আন্তরিক শুভেচ্ছা জানান। সভায় ইনোভেশন টিমের Vision, Mission নির্ধারণ ও কর্ম পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন টিম যেহেতু প্রশাসনিক কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণ পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত হয়েছে সেহেতু এর কার্যপরিধি ব্যাপক। APA এর ৫টি টিমের মধ্যে ইনোভেশন টিম ১টি। ইনোভেশন টিম এর Activities গুলো এমনভাবে Set করতে হবে যাতে করে APA এর Activities গুলো অবশ্যই পূরণ করে এবং সেই সাথে ইনোভেশন টিম এর Activities গুলো দিয়ে Bangladesh Open University যেন World Class University - তে পরিণত হতে পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভা নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে ঐকমত্য পোষন করে।

আলোচ্য - ০১ঃ ০৩/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের প্রথম সভার কার্যবিবরণী অনুসমর্থন প্রসঙ্গে।

সিদ্ধান্তঃ ০৩/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের প্রথম সভার কার্যবিবরণী সর্বসম্মতক্রমে অনুসমর্থিত হয়।

আলোচ্য -০২ : ইনোভেশন টিমের Vision, Mission নির্ধারণ ও কর্ম পরিকল্পনা সম্পর্কে প্রাথমিক আলোচনা প্রসঙ্গে।

সিদ্ধান্ত : ইনোভেশন টিমের Vision, Mission নির্ধারণ ও কর্ম পরিকল্পনা সম্পর্কে প্রাথমিকভাবে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয় :-

১. “ Bangladesh Open University কে World Class University- তে পরিণত করা” ইনোভেশন টিমের Vision Set করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
২. System Design করে Mission নির্ধারণ ও কর্ম পরিকল্পনা করার প্রয়োজনে সভাপতি মহোদয় কর্তৃক প্রদত্ত Link -এ প্রত্যেকের Idea “Action Item” -এ Input দেওয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. প্রত্যেক মাসের শেষে APA, শুদ্ধাচার এবং ইনোভেশন টিমের সমন্বয়ে একটি Seminar করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
৪. Mission ও কর্ম পরিকল্পনা নির্ধারণের পর দ্রুততম সময়ে একটি Comprehensive Software তৈরির বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য -০৩ : বিবিধ।

সিদ্ধান্ত : যেহেতু APA ব্যবস্থাপনার জন্য UGC থেকে বাজেট দেয়া হয়েছে এবং যেহেতু APA এর ৫টি কমিটির মধ্যে ইনোভেশন টিমও ১টি কমিটি সেহেতু ইনোভেশন টিমের সদস্যদের সম্মানী প্রদানের বিষয়ে প্রাথমিকভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নার্গিস আখতার
সদস্য-সচিব, ইনোভেশন টিম
ও
যুগ্ম-পরিচালক, অর্থ ও হিসাব
বিভাগ, বাউবি।

নাজনীন আখতার
সদস্য, ইনোভেশন টিম
ও
যুগ্ম পরিচালক (কাউন্সিল)
প্রশাসন বিভাগ, বাউবি

মোঃ মাসুম বিল্লাহ
সদস্য, ইনোভেশন টিম
ও
পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),
কম্পিউটার বিভাগ, বাউবি

জনাব আবুল কাসেম শিখদার
সদস্য, ইনোভেশন টিম
ও
পরিচালক
তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি

প্রফেসর ড. মোঃ শাহ আলম
সরকার
সদস্য, ইনোভেশন টিম
ও
অধ্যাপক, সার্ভ, বাউবি।

প্রফেসর ড. সরকার মোঃ নোমান
সদস্য, ইনোভেশন টিম
ও
অধ্যাপক ও ডিন এসএসসি,
বাউবি।

ড. মহাঃ শফিকুল আলম
সদস্য, ইনোভেশন টিম
ও
রেজিস্ট্রার
বাউবি।

প্রফেসর মোস্তফা আজাদ কামাল
সভাপতি, ইনোভেশন টিম
ও
মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি
বাউবি